

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯২৯

১/ বিবিধ

আরবী

من كانت له سريرة صالحة أوسیئة، نشر الله منها رداء يعرف به  
ضعيف جداً

رواه ابن عدي (2 / 100) والقضاعي (2 / 43) والضياء في " المنتقى من مسموعات  
من مرو " (1 / 62) عن صالح بن مالك الأزدي حدثنا حفص بن سليمان حدثنا علقمة  
بن مرثد عن أبي عبد الرحمن السلمي قال: سمعت عثمان بن عفان يقول على منبر  
رسول الله صلى الله عليه وسلم مرفوعاً. وقال ابن عدي: " لا يرويه عن علقمة غير  
حفص، وعامة حديثه غير محفوظ ". قلت: وقال الحافظ في " التقریب ". " متروك  
الحديث مع إمامته في القراءة وصالح بن مالك أورده ابن أبي حاتم (416 / 1 / 2) ولم  
يذكر فيه جرحاً ولا تعديلاً لكن رواه القضاعي من طريق محمد بن بكر قال: أخبرنا  
حفص بن سليمان عن علقمة ابن مرثد عن سعد بن عبيدة عن أبي عبد الرحمن  
السلمي به

বাংলা

১৯২৯। যে ব্যক্তির ভালো অথবা মন্দ গোপন কিছু থাকবে। আল্লাহ তা'য়ালার সে গোপনীয়তা থেকে এমন চাদর  
প্রকাশ করবেন যার দ্বারা তাকে (ব্যক্তিকে) চেনা যাবে।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনু আদী (২/১০০), কাযাঈ (২/৪৩) ও যিয়া "আলমুনতাকা মিন মাসমূয়াতিহি বি মারু" গ্রন্থে (১/৬২)

সালেহ ইবনু মালেক আযদী হতে, তিনি হাফস ইবনু সুলাইমান হতে, তিনি আলকামাহ ইবনু মারশাদ হতে, তিনি আবু আব্দুর রহমান সুলামী হতে, তিনি বলেনঃ আমি উসমান ইবনু আফফান (রাঃ)-কে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মিস্বারের উপর (মারফু হিসেবে) বলতে শুনেছিঃ ...।

ইবনু আদী বলেনঃ আলকামাহ হতে হাদীসটিকে হাফস ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি আর তার অধিকাংশ হাদীস নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছিঃ হাফয ইবনু হাজার "আততাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি কিরাআতের ইমাম হওয়া সত্ত্বেও মাতরুকুল হাদীস। আর সালেহ ইবনু মালেককে ইবনু আবী হাতিম (২/১/৪১৬) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছু বলেননি। কিন্তু কাযাঈ মুহাম্মাদ ইবনু বাক্কার সূত্রে হাফস ইবনু সুলাইমান হতে, তিনি আলকামাহ ইবনু মারসাদ হতে, তিনি সা'দ ইবনু ওবাইদাহ হতে, তিনি আবু আব্দুর রহমান সুলামী হতে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72812>

📌 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন